

চিকুনগুনিয়া প্রতিরোধে জরিপ প্রয়োজন: মেয়র আনিসুল হক

বাংলা ট্রিবিউন রিপোর্ট

১৮ জুলাই ২০১৭, ২৩:১৬

বিজ্ঞাপন



চিকুনগুনীয়া প্রতিরোধে দেশীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের মাধ্যমে জরিপ করা প্রয়োজন বলে মনে করেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। মঙ্গলবার (১৮ জুলাই) দুপুরে রাজধানীর মোহাম্মদপুর এলাকায় চিকুনগুনীয়া প্রতিরোধে বিশেষ মশক নিধন অভিযান পরিচালনার সময় তিনি এ কথা বলেন।

মেয়র আনিসুল হকের মতে, চিকুনগুনীয়া প্রতিরোধে স্বাভাবিকের চেয়ে তিন গুণ কার্যক্রম বাড়ানো হয়েছে। পুরোপুরিভাবে এ রোগ নিয়ন্ত্রণ করতে হলে একটি সঠিক জরিপ প্রয়োজন। এজন্য দেশি বা বিদেশি প্রতিষ্ঠানগুলোর এগিয়ে আসা প্রয়োজন। তাদের মাধ্যমে একটি সুন্দর ও সঠিক জরিপ করা হলে চিকুনগুনীয়া প্রতিরোধে তা সহায়ক হবে।



চিকুনগুনীয়া প্রতিরোধে সচেতনতার জন্য বের হয় র্যালি

চিকুনগুনীয়া প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির জন্য গণমাধ্যমসহ নগরবাসীর সহযোগিতা কামনা করে ডিএনসিসি মেয়র বলেন, 'চিকুনগুনীয়ার বাহক এডিস মশা। এই মশা জন্মায় বাড়ি-ঘরে থাকা ভাঙা পাত্র, ফুলদানি, টব, নির্মাণকাজে ব্যবহৃত চৌবাচ্চা, পরিত্যক্ত টায়ার, ক্যান ও ডাবের খোসায়া। এসব পাত্রে তিন দিনের বেশি যেন পানি জমে না থাকে সেদিকে খেয়াল রাখা দরকার। এ রোগকে পুরোপুরি নিয়ন্ত্রণে আনতে হলে একযোগে কাজ করতে হবে সবার।'

বিজ্ঞাপন

বিজ্ঞাপন

*** বাংলা ট্রিবিউন সব ধরনের আলোচনা-সমালোচনা সাদরে গ্রহণ ও উৎসাহিত করে। অশালীন ও কুরুচিপূর্ণ মন্তব্য পরিহার করুন। এটা আইনত দণ্ডনীয় অপরাধ।